

কমিউনিটি ডেভেলপমেন্ট এন্ড হেলথ কেয়ার সেন্টার (সিডিএইচসি)

গলাচিপা, পটুয়াখালী

সিনিয়র ম্যানেজমেন্ট টিমের বিশেষ সভার কার্যবিবরণী

ভেন্যু: প্রধান কার্যালয়

তারিখ: ১৮/১২/২০২২ইং

১৮ ডিসেম্বর, ২০২২ইং রোজ রবিবার বিকাল ০২ ঘটিকায় প্রধান কার্যালয়ে নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে সিনিয়র ম্যানেজমেন্ট টিমের এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পরিচালক-প্রোগ্রাম, প্রধান হিসাব রক্ষক, এরিয়া ম্যানেজার ও সিনিয়র ম্যানেজার-এইচআর অংশগ্রহণ করেন। সভায় আলোচনাস্তে নিম্নোক্ত সিদ্ধান্তবলী গৃহীত হয়ঃ

১. প্রত্যেক শাখা অফিসে জানুয়ারী, ২০২৩ ইং থেকে একটি করে পরিদর্শন রেজিস্টার থাকবে যেখানে উর্ধ্বতন কর্মকর্তাগণ তাদের ভিজিটের ফাইন্ডিংস লিখে রাখবে যাতে পরবর্তীতে যে কেউ ভিজিটে গিয়ে উক্ত ফাইন্ডিংসের অগ্রগতি যাচাই করতে পারে। এরিয়া ম্যানেজার এ বিষয়ে সকল শাখা ব্যবস্থাপককে নির্দেশ দিবেন।
২. ট্রাফিক আইন অনুসারে সবাইকে মোটর সাইকেল চালাতে হবে যাতে কেউ মামলা বা জরিমানার শিকার না হন। সিনিয়র ম্যানেজার (এইচআর) এ বিষয়ে ২০ ডিসেম্বরের মধ্যে একটি অফিস আদেশ জারি করবেন।
৩. জানুয়ারী, ২০২৩ইং থেকে শাখা পর্যায়ে ব্যাংক চেক সিগনেটরি এবং বিল ভাউচার অনুমোদনের ক্ষমতা হস্তান্তর করা হবে। সিনিয়র ম্যানেজার (এইচআর) এ বিষয়ে ২৯ ডিসেম্বরের মধ্যে অফিস আদেশ জারি করবেন এবং প্রধান হিসাব রক্ষক সিগনেটরি বিষয়ক প্রয়োজনীয় কাগজপত্র তৈরি করবেন।
৪. সংস্থার কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উর্ধ্বতন কর্মকর্তাগণ জানুয়ারী, ২৩ইং থেকে শাখা পর্যায়ে অফিস করবেন। উপ নির্বাহী পরিচালক দশমিনা ও চিকনিকান্দি, পরিচালক (কার্যক্রম) গলাচিপা ও পটুয়াখালী এবং এরিয়া ম্যানেজারের জন্য আমখোলা ও ধরান্দি শাখা নির্ধারণ করা হয়। সিনিয়র ম্যানেজার (এইচআর) এ বিষয়ে ২৬ ডিসেম্বরের মধ্যে একটি অফিস আদেশ তৈরি করবেন।
৫. উর্ধ্বতন কর্মকর্তাগণ একাকীভাবে ঋণী সদস্য যাচাই করবেন। ঋণী সদস্য যাচাই করা সময় শাখা ব্যবস্থাপক বা সংশ্লিষ্ট ফিল্ড অফিসারকে সঙ্গে নিতে পারবেন না। তবে প্রয়োজনে ঋণী সদস্য যাচাই করার জন্য আলাদা কর্মীদের নিয়ে একটি কমিটি গঠন করা যেতে পারে যারা মূলত এক্ষেত্রে থার্ড আই হিসেবে কাজ করবে।
৬. আগামী ৩১ ডিসেম্বর টীমওয়ার্ক অনুষ্ঠিত হবে। সিনিয়র ম্যানেজার (এইচআর) এ বিষয়ে ২৬ ডিসেম্বরের মধ্যে অফিস আদেশ জারি করবেন।
৭. উপযোগিতা ও পর্যাপ্ত সময় না থাকার কারণে এবছর ক্যালেন্ডার ছাপানো হবে না। তবে কিছু ডায়েরি তৈরি করা হবে। ডায়েরির সংখ্যা এরিয়া ম্যানেজার আগামী ২৬ ডিসেম্বরের মধ্যে নির্বাহী পরিচালককে অবহিত করবেন।
৮. লোকসান কাটিয়ে ওঠার জন্য আমখোলা, পটুয়াখালী ও ধরান্দি শাখা থেকে আগামী ৬ মাস প্রধান কার্যালয়ের সার্ভিস চার্জ আনা হবে না।
৯. এখন থেকে শাখা ব্যবস্থাপকদের একটি করে সমিতি পরিচালনা করতে হবে। এ বিষয়ে এরিয়া ম্যানেজার ব্যবস্থা গ্রহণ করবেন।
১০. চিকনিকান্দি শাখার কালারাজা সমিতি ধরান্দি শাখায় এবং গলাচিপা শাখার তেতুল তলা সমিতি চিকনিকান্দি শাখায় স্থানান্তর করার জন্য এরিয়া ম্যানেজার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।
১১. আগামী ১০ জানুয়ারী, ২০২৩ইং মধ্যে সকল কর্মীর বার্ষিক মূল্যায়ন ফরম শাখা ব্যবস্থাপকগণ এরিয়া ম্যানেজারের মাধ্যমে এইচআর বিভাগে জমা দিবেন।
১২. এনবিআর থেকে গ্রাচুয়িটি তহবিলের অনুমোদন নেওয়ার জন্য পরিচালক (কার্যক্রম) আগামী জানুয়ারী, ২৩ইং মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
১৩. পর্যায়ক্রমে নিষ্ক্রিয় সদস্যদের বাদ দিয়ে নতুন সদস্য ভর্তি করতে এরিয়া ম্যানেজার কর্মীদের নির্দেশনা দিবেন।

সভাপতি মহোদয় উপরোক্ত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়ন করার জন্য সকলকে তাগিদ দেন এবং এ বিষয়ে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। বিশেষ আর কোন আলোচনা না থাকায় তিনি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

প্রস্তুতকারী

মো: রমিজ উদ্দিন